



ছোয়া-হা

Taaha

طه

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. তোয়া-হা

1. Ta. Ha.

طه

2. আপনাকে ক্লেশ দেবার
জন্য আমি আপনার প্রতি
কোরআন অবতীর্ণ করিনি।

2. We have not sent
down to you
(Muhammad) the
Quran that you should
be distressed.

مَا أَنْزَلْنَا عَلَيْكَ الْقُرْآنَ
لِتَشْقَى

3. কিন্তু তাদেরই
উপদেশের জন্য যারা ভয়
করে।

3. But as a reminder
for those who fear
(Allah).

إِلَّا تَذَكُّرَةً لِّمَنْ يَخْشَى

4. এটা তাঁর কাছ থেকে
অবতীর্ণ, যিনি ভূমন্ডল ও
সমুচ্চ নভোমন্ডল সৃষ্টি
করেছেন।

4. A revelation from
Him who created the
earth and the high
heavens.

تَنْزِيلًا مِّمَّنْ خَلَقَ الْأَرْضَ
وَالسَّمَوَاتِ الْعُلَى

5. তিনি পরম দয়াময়,
আরশে সমাসীন হয়েছেন।

5. The Beneficent, (He
is) on the Throne,
established.

الرَّحْمَنُ عَلَى الْعَرْشِ اسْتَوَى

6. নভোমন্ডলে, ভূমন্ডলে,
এতদুভয়ের মধ্যবর্তী স্থানে
এবং সিক্ত ভূগর্ভে যা আছে,
তা তাঁরই।

6. To Him belongs
whatever is in the
heavens, and whatever
is on the earth, and
whatever is between
them, and whatever is
beneath the soil.

لَهُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ
وَمَا بَيْنَهُمَا وَمَا تَحْتَ الثَّرَى

7. যদি তুমি উচ্চকণ্ঠেও কথা বল, তিনি তো গুপ্ত ও তদপেক্ষাও গুপ্ত বিষয়বস্তু জানেন।

7. And if you speak out aloud, then indeed He knows the secret and (what is yet) more hidden.

وَأَنَّ تَجَهَّرَ بِالْقَوْلِ فَإِنَّهُ يَعْلَمُ
السِّرَّ وَأَخْفَى ﴿٧﴾

8. আল্লাহ তিনি ব্যতীত কোন উপাস্য ইলাহ নেই। সব সৌন্দর্যমন্ডিত নাম তাঁরই।

8. Allah, there is no god except Him. His are the most beautiful names.

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ لَهُ الْأَسْمَاءُ
الْحُسْنَى ﴿٨﴾

9. আপনার কাছে মূসার বৃত্তান্ত পৌঁছেছে কি।

9. And has there come to you the story of Moses.

وَهَلْ أَتَاكَ حَدِيثُ مُوسَى ﴿٩﴾

10. তিনি যখন আগুন দেখলেন, তখন পরিবারবর্গকে বললেন: তোমরা এখানে অবস্থান কর আমি আগুন দেখেছি। সম্ভবতঃ আমি তা থেকে তোমাদের কাছে কিছু আগুন জালিয়ে আনতে পারব অথবা আগুনে পৌঁছে পথের সন্ধান পাব।

10. When he saw a fire, so he said to his family: "Wait, indeed, I see a fire, perhaps I may bring to you from it some burning brand, or I may find guidance at the fire."

إِذْ رَأَى نَارًا فَقَالَ لِأَهْلِهِ امْكُثُوا إِنِّي آنَسْتُ نَارًا لَّعَلِّي آتِيكُمْ مِنْهَا بِقَبَسٍ أَوْ أَجْدُ عَلَى النَّارِ
هُدًى ﴿١٠﴾

11. অতঃপর যখন তিনি আগুনের কাছে পৌঁছলেন, তখন আওয়াজ আসল হে মূসা,

11. Then when he came to it, he was called: "O Moses"

فَلَمَّا أَتَاهَا نُودِيَ بِمُوسَى ﴿١١﴾

12. আমিই তোমার পালনকর্তা, অতএব তুমি জুতা খুলে ফেল, তুমি পবিত্র উপত্যকা তুয়ায় রয়েছ।

12. "Indeed, I am your Lord, so take off your shoes. Indeed, you are in a sacred valley of Tuwa."

إِنِّي أَنَا رَبُّكَ فَاخْلَعْ نَعْلَيْكَ إِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ﴿١٢﴾

13. এবং আমি তোমাকে মনোনীত করেছি, অতএব

13. "And I have chosen you, so listen to that

وَأَنَا اخْتَرْتُكَ فَاسْتَمِعْ لِمَا

যা প্রত্যাদেশ করা হচ্ছে, তা শুনতে থাক।

which is inspired.”

يُوحَىٰ ﴿٣﴾

14. আমিই আল্লাহ আমি ব্যতীত কোন ইলাহ নেই। অতএব আমার এবাদত কর এবং আমার স্মরণার্থে নামায় কায়েম কর।

14. “Indeed, I am Allah, there is no god except Me, so worship Me and establish prayer for My remembrance.”

إِنِّي أَنَا اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنَا فَاعْبُدْنِي ۚ
وَأَقِمِ الصَّلَاةَ لِذِكْرِي ﴿٤﴾

15. কেয়ামত অবশ্যই আসবে, আমি তা গোপন রাখতে চাই; যাতে প্রত্যেকেই তার কর্মানুযায়ী ফল লাভ করে।

15. “Indeed, the Hour is coming. I will keep it hidden, so that every soul may be recompensed for what it strives.”

إِنَّ السَّاعَةَ آتِيَةٌ أَكَادُ أُخْفِيهَا
لِيَجْزِيَ كُلُّ نَفْسٍ بِمَا تَسْعَى ﴿٥﴾

16. সুতরাং যে ব্যক্তি কেয়ামতে বিশ্বাস রাখে না এবং নিজ খাশের অনুসরণ করে, সে যেন তোমাকে তা থেকে নিবৃত্ত না করে। নিবৃত্ত হলে তুমি ধবংস হয়ে যাবে।

16. “So do not let him turn you away from it who does not believe in it, and follows his desire, lest you then perish.”

فَلَا يَصُدَّنَّكَ عَنْهَا مَنْ لَا يُؤْمِنُ
بِهَا وَاتَّبَعِ هَوَاهُ فَتَرْدَى ﴿٦﴾

17. হে মূসা, তোমার ডানহাতে ওটা কি?

17. “And what is that in your right hand, O Moses.”

وَمَا تِلْكَ بِيَمِينِكَ يَا مُوسَىٰ ﴿٧﴾

18. তিনি বললেন: এটা আমার লাঠি, আমি এর উপর ভর দেই এবং এর দ্বারা আমার ছাগপালের জন্যে বৃক্ষপত্র ঝেড়ে ফেলি এবং এতে আমার অন্যান্য কাজ ও চলে।

18. He (Moses) said: “This is my staff, I lean upon it, and I shake down leaves with it for my sheep, and for me there are other uses with it.”

قَالَ هِيَ عَصَايَ أَتَوَكَّأُ عَلَيْهَا
وَأَهْشُ بِهَا عَلَىٰ غَنَمِي وَلِيَ فِيهَا
مَآرِبٌ أُخْرَىٰ ﴿٨﴾

19. আল্লাহ বললেন: হে মূসা, তুমি ওটা নিক্ষেপ

19. He (Allah) said: “Throw it down, O

قَالَ أَلْقِهَا يَا مُوسَىٰ ﴿٩﴾

কর।	Moses.”	
20. অতঃপর তিনি তা নিষ্ক্ষেপ করলেন, অমনি তা সাপ হয়ে ছুটাছুটি করতে লাগল।	20. So he threw it down, then behold, it was a serpent, moving swiftly.	فَأَلْقَاهَا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسْعَى ﴿٢٠﴾
21. আল্লাহ বললেন: তুমি তাকে ধর এবং ভয় করো না, আমি এখনি একে পূর্বাবস্থায় ফিরিয়ে দেব।	21. He (Allah) said: “Seize it and do not fear. We shall return it to its former state.”	قَالَ خُذْهَا وَلَا تَخَفْ ۗ سَعِيدُهَا سَيْرَتَهَا الْأُولَى ﴿٢١﴾
22. তোমার হাত বগলে রাখ, তা বের হয়ে আসবে নির্মল উজ্জ্বল হয়ে অন্য এক নিদর্শন রূপে; কোন দোষ ছাড়াই।	22. “And draw in your hand to your side, it will come out white without disease, another sign.”	وَأَضْمُ يَدَكَ إِلَىٰ جَنَاحِكَ تَخْرُجُ بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوءٍ آيَةً أُخْرَىٰ ﴿٢٢﴾
23. এটা এজন্যে যে, আমি আমার বিরাট নিদর্শনাবলীর কিছু তোমাকে দেখাই।	23. “That We may show you of Our greater signs.”	لِنُرِيكَ مِنْ آيَاتِنَا الْكُبْرَىٰ ﴿٢٣﴾
24. ফেরাউনের নিকট যাও, সে দারুণ উদ্ধত হয়ে গেছে।	24. “Go to Pharaoh. Indeed, he has transgressed.”	إِذْهَبْ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ ﴿٢٤﴾
25. মূসা বললেন: হে আমার পালনকর্তা আমার বক্ষ প্রশস্ত করে দিন।	25. He said: “My Lord, open up for me my chest.”	قَالَ رَبِّ اشْرَحْ لِي صَدْرِي ﴿٢٥﴾
26. এবং আমার কাজ সহজ করে দিন।	26. “And ease for me my task.”	وَيَسِّرْ لِي أَمْرِي ﴿٢٦﴾
27. এবং আমার জিহবা থেকে জড়তা দূর করে দিন।	27. “And untie the knot from my tongue.”	وَاحْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِي ﴿٢٧﴾
28. যাতে তারা আমার কথা বুঝতে পারে।	28. “That they may understand my speech.”	يَفْقَهُوا قَوْلِي ﴿٢٨﴾

29. এবং আমার পরিবারবর্গের মধ্য থেকে আমার একজন সাহায্যকারী করে দিন।

29. “And appoint for me an assistant from my family.”

وَأَجْعَلْ لِّي وَزِيرًا مِّنْ أَهْلِي ﴿٢٩﴾

30. আমার ভাই হারুনকে।

30. “Aaron, my brother.”

هَارُونَ أَخِي ﴿٣٠﴾

31. তার মাধ্যমে আমার কোমর মজবুত করুন।

31. “Increase through him my strength.”

أَشْدُدْ بِهَا أَرْصِي ﴿٣١﴾

32. এবং তাকে আমার কাজে অংশীদার করুন।

32. “And let him share in my task.”

وَأَشْرِكْهُ فِي أَمْرِي ﴿٣٢﴾

33. যাতে আমরা বেশী করে আপনার পবিত্রতা ও মহিমা ঘোষণা করতে পারি।

33. “That we may glorify You much.”

كَيْ نُسَبِّحَكَ كَثِيرًا ﴿٣٣﴾

34. এবং বেশী পরিমাণে আপনাকে স্মরণ করতে পারি।

34. “And remember You much.”

وَنَذْكُرَكَ كَثِيرًا ﴿٣٤﴾

35. আপনি তো আমাদের অবস্থা সবই দেখছেন।

35. “Indeed, You are ever seeing at us.”

إِنَّكَ كُنْتَ بِنَا بَصِيرًا ﴿٣٥﴾

36. আল্লাহ বললেনঃ হে মূসা, তুমি যা চেয়েছ তা তোমাকে দেয়া হল।

36. He (Allah) said: “Indeed, you have been granted your request, O Moses.”

قَالَ قَدْ أُوتِيتَ سُؤْلَكَ
يَمُوسَى ﴿٣٦﴾

37. আমি তোমার প্রতি আরও একবার অনুগ্রহ করেছিলাম।

37. “And indeed, We have done favor upon you another time.”

وَلَقَدْ مَنَّا عَلَيْكَ مَرَّةً
أُخْرَى ﴿٣٧﴾

38. যখন আমি তোমার মাতাকে নির্দেশ দিয়েছিলাম যা অতঃপর বর্ণিত হচ্ছে।

38. “When We inspired to your mother that which is inspired.”

إِذْ أَوْحَيْنَا إِلَىٰ أُمِّكَ مَا يُوحَىٰ ﴿٣٨﴾

39. যে, তুমি (মূসাকে) সিন্দুকে রাখ, অতঃপর তা দরিয়ায় ভাসিয়ে দাও,

39. (Saying): “That put him into the chest, then put it into the river,

أَنْ أَقْدِفِيهِ فِي التَّابُوتِ فَاقْدِفِيهِ

অতঃপর দরিয়া তাকে
তীরে ঠেলে দেবে। তাকে
আমার শত্রু ও তার শত্রু
উঠিয়ে নেবে। আমি তোমার
প্রতি মহাশ্রুত সঞ্চারিত
করেছিলাম আমার নিজের
পক্ষ থেকে, যাতে তুমি
আমার দৃষ্টির সামনে প্রতি
পালিত হও।

then the river shall cast
it onto the bank. There
shall take him an
enemy to Me and an
enemy to him. And I
bestowed upon you
love from Me, and that
you would be brought
up under My sight.”

فِي الْيَمِّ فَلْيُلْقِهِ الْيَمُّ بِالسَّاحِلِ
يَأْخُذْهُ عَدُوِّي وَعَدُوُّلَهُ وَالْأَقْيِثُ
عَلَيْكَ لِحَبَّةٍ مِّنِّي وَلِتُصْنَعَ عَلَيَّ
عَيْنِي

40. যখন তোমার ভগিনী
এসে বলল: আমি কি
তোমাদেরকে বলে দেব কে
তাকে লালন পালন করবে।
অতঃপর আমি তোমাকে
তোমার মাতার কাছে
ফিরিয়ে দিলাম, যাতে তার
চক্ষু শীতল হয় এবং দুঃখ না
পায়। তুমি এক ব্যক্তিকে
হত্যা করেছিলে, অতঃপর
আমি তোমাকে এই দুশ্চিন্তা
থেকে মুক্তি দেই; আমি
তোমাকে অনেক পরীক্ষা
করেছি। অতঃপর তুমি
কয়েক বছর মাদইয়ান
বাসীদের মধ্যে অবস্থান
করেছিলে; হে মূসা,
অতঃপর তুমি নির্ধারিত
সময়ে এসেছ।

40. “When your sister
went and she said:
‘Shall I direct you to
someone who will be
responsible for him.’
So We restored you to
your mother, that she
might cool her eyes
and she might not
grieve. And you did
kill a man, then We
saved you from great
distress, and We tried
you with a trial. Then
you stayed (some)
years among the people
of Midian. Then you
came (now) at (the time)
ordained, O Moses.”

إِذْ تَمْشِي أُرْحُكَ فَتَقُولُ هَلْ
أَدُلُّكُمْ عَلَىٰ مَنْ يَكْفُلُهُ فَرَجَعْنَاكَ
إِلَىٰ أُمِّكَ كَيْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ
وَقَتَلْتَ نَفْسًا فَنَجَّيْنَاكَ مِنَ الْغَمِّ
وَفَتَنَّاكَ فُتُونًا فَلَبِثْتَ سِنِينَ فِي
أَهْلِ مَدْيَنَ ثُمَّ جِئْتَ عَلَيَّ قَدِيرًا

يُؤْمِسِي

41. এবং আমি তোমাকে
আমার নিজের জন্য তৈরী
করে নিয়েছি।

41. “And I have chosen
you for Myself.”

وَاصْطَنَعْتُكَ لِنَفْسِي

42. তুমি ও তোমার ভাই
আমার নিদর্শনাবলীসহ

42. “Go, you and your
brother, with My signs,

إِذْهَبْ أَنْتَ وَأَخُوكَ بِآيَاتِي وَلَا

যাও এবং আমার স্মরণে শৈথিল্য করো না।

and do not slacken in My remembrance.”

تَنِيَا فِي ذِكْرِي ﴿٤٢﴾

43. তোমরা উভয়ে ফেরআউনের কাছে যাও সে খুব উদ্ধত হয়ে গেছে।

43. “Go both of you to Pharaoh. Indeed, he has transgressed.”

إِذْهَبَا إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى ﴿٤٣﴾

44. অতঃপর তোমরা তাকে নম্র কথা বল, হয়তো সে চিন্তা-ভাবনা করবে অথবা ভীত হবে।

44. “Then speak to him a gentle speech, that perhaps he may take heed or fear (Allah).”

فَقُولَا لَهُ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَى ﴿٤٤﴾

45. তারা বললঃ হে আমাদের পালনকর্তা, আমরা আশঙ্কা করি যে, সে আমাদের প্রতি জুলুম করবে কিংবা উত্তেজিত হয়ে উঠবে।

45. They (Moses and Aaron) said: “Our Lord, indeed, we fear that he may commit excesses against us, or that he may transgress all bounds.”

قَالَا رَبَّنَا إِنَّنَا نَخَافُ أَنْ يَفْرُطَ عَلَيْنَا أَوْ أَنْ يَطْغَى ﴿٤٥﴾

46. আল্লাহ বললেনঃ তোমরা ভয় করো না, আমি তোমাদের সাথে আছি, আমি শুনি ও দেখি।

46. He (Allah) said: “Do not fear, indeed, I am with you both, I hear and I see.”

قَالَ لَا تَخَافَا إِنَّنِي مَعَكُمَا أَسْمَعُ وَأَرَى ﴿٤٦﴾

47. অতএব তোমরা তার কাছে যাও এবং বলঃ আমরা উভয়েই তোমার পালনকর্তার প্রেরিত রসূল, অতএব আমাদের সাথে বনী ইসরাঈলকে যেতে দাও এবং তাদেরকে নিপীড়ন করো না। আমরা তোমার পালনকর্তার কাছ থেকে নিদর্শন নিয়ে তোমার কাছে আগমন করেছি। এবং যে সৎপথ অনুসরণ করে, তার প্রতি শান্তি।

47. So go you both to him and say: “Indeed, we are messengers of your Lord, so send with us the Children of Israel, and do not punish them. We have indeed come to you with a sign from your Lord. And peace will be upon him who follows the guidance.”

فَأْتِيهِ فَقُولَا إِنَّا رَسُولَا رَبِّكَ فَأَرْسِلْ مَعَنَا بَنِي إِسْرَائِيلَ وَلَا تَعَذِّبْهُمْ قَدْ جِئْنَاكَ بآيَةٍ مِّنْ رَبِّكَ وَالسَّلَامُ عَلَيَّ مَنِ اتَّبَعَ الْهُدَى ﴿٤٧﴾

48. আমরা ওহী লাভ করেছি যে, যে ব্যক্তি মিথ্যারোপ করে এবং মুখ ফিরিয়ে নেয়, তার উপর আযাব পড়বে।

48. “Indeed, it has been revealed to us that the punishment will be upon him who denies and turns away.”

إِنَّا قَدْ أُوحِيَ إِلَيْنَا أَنَّ الْعَذَابَ عَلَى
مَنْ كَذَّبَ وَتَوَلَّى ﴿٤٨﴾

49. সে বললঃ তবে হে মূসা, তোমাদের পালনকর্তা কে?

49. He (Pharaoh) said: “Who then is your Lord, O Moses.”

قَالَ فَمَنْ رَبُّكُمْ يَا مُوسَى ﴿٤٩﴾

50. মূসা বললেনঃ আমাদের পালনকর্তা তিনি, যিনি প্রত্যেক বস্তুকে তার যোগ্য আকৃতি দান করেছেন, অতঃপর পথপ্রদর্শন করেছেন।

50. He said: “Our Lord is He who gave to every thing its nature, then guided (it).”

قَالَ رَبُّنَا الَّذِي أَعْطَى كُلَّ شَيْءٍ
خَلْقَهُ ثُمَّ هَدَى ﴿٥٠﴾

51. ফেরাউন বললঃ তাহলে অতীত যুগের লোকদের অবস্থা কি?

51. He said: “What then is the state of the generations of old.”

قَالَ فَمَا بَالُ الْقُرُونِ الْأُولَى ﴿٥١﴾

52. মূসা বললেনঃ তাদের খবর আমার পালনকর্তার কাছে লিখিত আছে। আমার পালনকর্তা ভ্রান্ত হন না এং বিস্মৃতও হন না।

52. He said: “The knowledge thereof is with my Lord in a Record. My Lord does not err, nor does He forget.”

قَالَ عَلِمَهَا عِنْدَ رَبِّي فِي كِتَابٍ لَا
يَضِلُّ رَبِّي وَلَا يَنْسَى ﴿٥٢﴾

53. তিনি তোমাদের জন্যে পৃথিবীকে শয্যা করেছেন এবং তাতে চলার পথ করেছেন, আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করেছেন এবং তা দ্বারা আমি বিভিন্ন প্রকার উদ্ভিদ উৎপন্ন করেছি।

53. “(He it is) who has made for you the earth as a bed (spread), and made for you in it roadways, and sent down water from the sky.” Then We brought forth through it species of diverse plants.

الَّذِي جَعَلَ لَكُمُ الْأَرْضَ مَهْدًا
وَوَسَّلَكَ لَكُمُ فِيهَا سُبُلًا وَ أَنْزَلَ
مِنَ السَّمَاءِ مَاءً فَأَخْرَجْنَا بِهِ
أَنْوَاجًا مِنْ نَبَاتٍ شَتَّى ﴿٥٣﴾

54. তোমরা আহাৰ কৰ এবং তোমাদের চতুষ্পদ

54. Eat you and pasture your cattle.

كُلُوا وَارْعَوْا أَنْعَامَكُمْ إِنَّ فِي

জন্তু চরাও। নিশ্চয় এতে
বিবেক বানদের জন্যে
নিদর্শন রয়েছে।

55. এ মাটি থেকেই আমি
তোমাদেরকে সৃজন করেছি,
এতেই তোমাদেরকে ফিরিয়ে
দিব এবং পুনরায় এ থেকেই
আমি তোমাদেরকে উত্থিত
করব।

56. আমি ফেরাউনকে
আমার সব নিদর্শন দেখিয়ে
দিয়েছি, অতঃপর সে মিথ্যা
আরোপ করেছে এবং
অমান্য করেছে।

57. সে বললঃ হে মূসা,
তুমি কি যাদুর জোরে
আমাদেরকে দেশ থেকে
বহিষ্কার করার জন্যে
আগমন করেছ?

58. অতএব, আমরাও
তোমার মোকাবেলায়
তোমার নিকট অনুরূপ যাদু
উপস্থিত করব। সুতরাং
আমাদের ও তোমার মধ্যে
একটি ওয়াদার দিন ঠিক
কর, যার খেলাফ আমরাও
করব না এবং তুমিও করবে
না একটি পরিষ্কার প্রান্তরে।

59. মূসা বললঃ তোমাদের
ওয়াদার দিন উৎসবের দিন
এবং পূর্বাহে? লোকজন
সমবেত হবে।

Indeed, in that there
are certainly signs for
those of understanding.

55. From it We created
you, and into it We
shall return you, and
from it We shall bring
you out another time.

56. And indeed, We
showed him (Pharaoh)
Our signs, all of them,
but he denied and
refused.

57. He said: "Have
you come to us that
you drive us out of our
land with your magic,
O Moses."

58. "Then we will
surely bring you magic
the like thereof. So
make between us and
you an appointment,
which we shall not fail
to keep, (neither) we,
nor you, in an open
wide place."

59. He (Moses) said:
"Your appointment
shall be the day of the
festival, and let the
people be assembled at
mid morning."

ذٰلِكَ لَاٰيٰتٍ لِاٰوٰلِي النَّهْلِ

مِنْهَا خَلَقْنٰكُمْ وَفِيْهَا نُعِيْدُكُمْ
وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً اٰخَرٰى

وَلَقَدْ اَرٰىنٰهُ اٰيٰتِنَا كُلَّهَا فَكَذَّبَ
وَآلٰى

قَالَ اَجِئْتَنَا لِتُخْرِجَنَا مِنْ اَرْضِنَا
بِسِحْرِكَ يٰمُوْسٰى

فَلَنَاْتِيَنَّكَ بِسِحْرٍ مِّثْلِهٖ فَاَجْعَلْ
بَيْنَنَا وَبَيْنَكَ مَوْعِدًا اَلَّا نُخْلِفُهٗ نَحْنُ
وَلَا اَنْتَ مَكَانًا سُوّٰى

قَالَ مَوْعِدُكُمْ يَوْمَ الرِّىٔثَةِ وَاَنْ
يُّجْمَعِ النَّاسُ صُبْحٰى

60. অতঃপর ফেরাউন প্রস্থান করল এবং তার সব কলাকৌশল জমা করল অতঃপর উপস্থিত হল।

60. So Pharaoh withdrew, then he devised his plot, then came.

فَتَوَلَّى فِرْعَوْنُ فَجَمَعَ كَيْدَهُ ثُمَّ
آتَى ﴿٦٠﴾

61. মূসা (আঃ) তাদেরকে বললেন: দুর্ভাগ্য তোমাদের; তোমরা আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করো না। তাহলে তিনি তোমাদেরকে আযাব দ্বারা ধবংস করে দেবেন। যে মিথ্যা উদভাবন করে, সেই বিফল মনোরথ হয়েছে।

61. Moses said to them (magicians): “Woe unto you, do not invent a lie against Allah, lest He should destroy you by a punishment. And surely, he will fail who invents a lie.”

قَالَ لَهُمْ مُوسَىٰ وَيْلَكُمْ لَا تَفْتَرُوا
عَلَى اللَّهِ كَذِبًا فَيُسْحِتَكُمْ
بِعَذَابٍ وَقَدْ خَابَ مَن
افْتَرَىٰ ﴿٦١﴾

62. অতঃপর তারা তাদের কাজে নিজেদের মধ্যে বিতর্ক করল এবং গোপনে পরামর্শ করল।

62. So they disputed their affair among themselves, and they kept secret the private counsel.

فَتَنَازَعُوا أَمْرَهُم بَيْنَهُمْ وَأَسْرُوا
النَّجْوَىٰ ﴿٦٢﴾

63. তারা বলল: এই দুইজন নিশ্চিতই যাদুকর, তারা তাদের যাদু দ্বারা তোমাদেরকে তোমাদের দেশ থেকে বহিস্কার করতে চায় এবং তোমাদের উৎকৃষ্ট জীবন ব্যবস্থা রহিত করতে চায়।

63. They said: “Indeed, these are two magicians, they intend that they drive you out from your land with their magic, and do away with your exemplary traditions.”

قَالُوا إِنَّ هَٰذَيْنِ لَسِحْرَانِ يُرِيدَانِ
أَنْ يُخْرِجَكُم مِّنْ أَرْضِكُمْ
بِسِحْرِهِمَا وَيَذْهَبَا بِطَرِيقَتِكُمُ
الْمُثَلَّىٰ ﴿٦٣﴾

64. অতএব, তোমরা তোমাদের কলাকৌশল সুসংহত কর, অতঃপর সারিবদ্ধ হয়ে আস। আজ যে জয়ী হবে, সেই সফলকাম হবে।

64. “So resolve upon your plot, then come in rank. And certainly he will succeed this day who is uppermost.”

فَأَجْمِعُوا كَيْدَكُمْ ثُمَّ آتُوا صَفًّا
وَقَدْ أَفْلَحَ الْيَوْمَ مَن اسْتَعْلَىٰ ﴿٦٤﴾

65. তারা বললঃ হে মূসা, হয় তুমি নিষ্ফেপ কর, না হয় আমরা প্রথমে নিষ্ফেপ করি।

65. They said: “O Moses, either that you throw, or that we will be the first who throw.”

قَالُوا يَمْوَسَىٰ اِمَّا اَنْ تُلْقِيَ وَاِمَّا اَنْ نُّكُونَ اَوَّلَ مَنْ اَلْقَى ﴿١٥﴾

66. মূসা বললেনঃ বরং তোমরাই নিষ্ফেপ কর। তাদের যাদুর প্রভাবে হঠাৎ তাঁর মনে হল, যেন তাদের রশিগুলো ও লাঠিগুলো চুটাছুটি করছে।

66. He said: “Rather, you throw.” Then behold, their ropes and their staffs appeared to him, from their magic, as though they moved (like snakes).

قَالَ بَلْ اَلْقُوا فَاِذَا حِبَاهُمْ وَعَصِيهِمْ يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ اَنَّهُمَا تَسْعَى ﴿١٦﴾

67. অতঃপর মূসা মনে মনে কিছুটা ভীতি অনুভব করলেন।

67. So Moses conceived a fear within himself.

فَاَوْجَسَ فِي نَفْسِهِ خِيفَةً مُّوسَى ﴿١٧﴾

68. আমি বললামঃ ভয় করো না, তুমি বিজয়ী হবে।

68. We said: “Do not fear, indeed, it is you who will prevail.”

قُلْنَا لَا تَخَفْ اِنَّكَ اَنْتَ الْاَعْلَى ﴿١٨﴾

69. তোমার ডান হাতে যা আছে তুমি তা নিষ্ফেপ কর। এটা যা কিছু তারা করেছে তা গ্রাস করে ফেলবে। তারা যা করেছে তা তো কেবল যাদুকরের কলাকৌশল। যাদুকর যেখানেই থাকুক, সফল হবে না।

69. “And throw what is in your right hand, it will swallow up what they have crafted. What they have crafted is only a trick of a magician. And the magician will not succeed wherever he is.”

وَأَلْقِ مَا فِي يَمِينِكَ تَلْقَفْ مَا صَنَعُوا اِنَّمَا صَنَعُوا كَيْدُ سِحْرٍ وَلَا يُفْلِحُ السَّحِرُ حَيْثُ اَتَى ﴿١٩﴾

70. অতঃপর যাদুকররা সেজদায় পড়ে গেল। তারা বললঃ আমরা হারুন ও মূসার পালনকর্তার প্রতি বিশ্বাস স্থাপন করলাম।

70. So the magicians fell down in prostration. They said: “We have believed in the Lord of Aaron and Moses.”

فَأَلْقَى السَّحِرَةُ سُجَّدًا قَالُوا اٰمَنَّا بِرَبِّ هَارُونَ وَمُوسَى ﴿٢٠﴾

71. ফেরাউন বলল: আমার অনুমতি দানের পূর্বেই? তোমরা কি তার প্রতি বিশ্বাস স্থাপন করলে; দেখছি সেই তোমাদের প্রধান, সে তোমাদেরকে যাদু শিক্ষা দিয়েছে। অতএব আমি অবশ্যই তোমাদের হস্তপদ বিপরীত দিক থেকে কর্তন করব এবং আমি তোমাদেরকে খর্জুর বৃক্ষের কান্ডে শুলে চড়াব এবং তোমরা নিশ্চিত রূপেই জানতে পারবে আমাদের মধ্যে কার আযাব কঠোরতর এবং অধিষ্কণ স্থায়ী।

72. যাদুকররা বলল: আমাদের কাছে যে, সুস্পষ্ট প্রমাণ এসেছে তার উপর এবং যিনি আমাদের কে সৃষ্টি করেছেন, তাঁর উপর আমরা কিছতেই তোমাকে প্রাধান্য দেব না। অতএব, তুমি যা ইচ্ছা করতে পার। তুমি তো শুধু এই পার্থিব জীবনেই যা করার করবে।

73. আমরা আমাদের পালনকর্তার প্রতি বিশ্বাস স্থাপন করেছি যাতে তিনি আমাদের পাপ এবং তুমি আমাদেরকে যে যাদু করতে বাধ্য করেছ, তা মার্জনা

71. He (Pharaoh) said: "Believe you in him before that I give permission to you. Indeed, He is your chief who taught you magic. So surely, I shall cut off your hands and your feet on opposite sides, and I shall surely crucify you on the trunks of palm trees, and you shall know for certain which of us is more severe in (giving) punishment and more enduring."

72. They said: "We shall never prefer you above what has come to us of the clear proofs, and (above) Him who created us. So decree whatever you will decree. You can only decree (regarding) this life of the world."

73. "Indeed, We have believed in our Lord, that He may forgive us our faults, and that upon which you have compelled us, of the

قَالَ اْمَنْتُمْ لَهٗ قَبْلَ اَنْ اٰذِنَ لَكُمْ
اِنَّهٗ لَكَبِيْرُكُمْ الَّذِي عَلَّمَكُمْ
السِّحْرَ فَلَا قَطْعَنَ اَيْدِيكُمْ
وَاَرْجُلَكُمْ مِنْ خِلَافٍ
وَلَا صَلْبِنَكُمْ فِيْ جُدُوْعِ النَّخْلِ
وَلتَعْلَمَنَّ اَيْنَا اَشَدُّ عَذَابًا
وَاَبْقَى ﴿٧١﴾

قَالُوْا لَنْ نُّوْتِرِكَ عَلٰى مَا جَاءَنَا
مِنَ الْبَيِّنٰتِ وَالَّذِيْ فَطَرَنَا
فَاَقْضِ مَا اَنْتَ قَاضٍ اِمَّا تَقْضِيْ
هٰذِهِ الْحَيٰوةَ الدُّنْيَا ﴿٧٢﴾

اِنَّا اٰمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَ لَنَا خَطِيْئَتَنَا
وَمَا اَكْرَهْتَنَا عَلَيْهِ مِنَ السِّحْرِ
وَاللّٰهُ خَبِيْرٌ وَّاَبْقَى ﴿٧٣﴾

করেন। আল্লাহ শ্রেষ্ঠ ও চিরস্থায়ী।

magic. And Allah is better and more enduring.”

74. নিশ্চয়ই যে তার পালনকর্তার কাছে অপরাধী হয়ে আসে, তার জন্য রয়েছে জাহান্নাম। সেখানে সে মরবে না এবং বাঁচবেও না।

74. Indeed, he who comes to his Lord as a criminal, then surely, for him is Hell. He will neither die therein nor live.

إِنَّهُ مَنْ يَأْتِ رَبَّهُ مُجْرِمًا فَإِنَّ لَهُ جَهَنَّمَ لَا يَمُوتُ فِيهَا وَلَا يَحْيَىٰ

75. আর যারা তাঁর কাছে আসে এমন ঈমানদার হয়ে যায় সৎকর্ম সম্পাদন করেছে, তাদের জন্যে রয়েছে সুউচ্চ মর্তবা।

75. And he who comes to Him as a believer, who has indeed done righteous deeds. Then for such there will be the high ranks (in the Hereafter).

وَمَنْ يَأْتِهِ مُؤْمِنًا قَدْ عَمِلَ الصَّالِحَاتِ فَأُولَٰئِكَ لَهُمُ الدَّرَجَاتُ الْعُلَىٰ

76. বসবাসের এমন পুষ্পোদ্যান রয়েছে যার তলদেশে দিয়ে নির্ঝরিনীসমূহ প্রবাহিত হয়। সেখানে তারা চিরকাল থাকবে এটা তাদেরই পুরস্কার, যারা পবিত্র হয়।

76. Gardens of Eden, beneath which rivers flow, wherein they will abide forever. And that is the reward for those who purify themselves.

جَنَّاتٍ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا وَذَٰلِكَ جَزَاءُ مَنْ تَزَكَّىٰ

77. আমি মূসা প্রতি এই মর্মে ওহী করলাম যে, আমার বান্দাদেরকে নিয়ে রাত্রিযোগে বের হয়ে যাও এবং তাদের জন্যে সমুদ্রে শুষ্কপথ নির্মাণ কর। পেছন থেকে এসে তোমাদের ধরে ফেলার আশঙ্কা করো না এবং পানিতে ডুবে যাওয়ার

77. And indeed, We inspired to Moses, (saying): “That travel by night with My slaves, then strike for them a dry path through the sea, you will not fear being overtaken (by Pharaoh), nor be

وَلَقَدْ أَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ أَنْ أَسْرِ بِعِبَادِي فَاصْرِبْ لَهُمْ طَرِيقًا فِي الْبَحْرِ يَبَسًا لَا تَخَفُ دَرَكًا وَلَا تَحْشَىٰ

ভয় করো না।

78. অতঃপর ফেরাউন তার সৈন্যবাহিনী নিয়ে তাদের পশ্চাদ্ধাবন করল এবং সমুদ্র তাদেরকে সম্পূর্ণরূপে নিমজ্জিত করল।

afrail (of drowning).”

78. So Pharaoh pursued them with his forces, then covered them of the sea water that which did cover them.

فَاتَّبَعَهُمْ فِرْعَوْنُ بِجُنُودِهِ
فَغَشَّيَهُمْ مِّنَ الْيَمِّ مَآ
غَشَّيَهُمْ

79. ফেরাউন তার সম্প্রদায়কে বিভ্রান্ত করেছিল এবং সৎপথ দেখায়নি।

79. And Pharaoh led his people astray, and he did not guide.

وَأَضَلَّ فِرْعَوْنُ قَوْمَهُ وَمَا
هُدَى

80. হে বনী-ইসরাঈল! আমি তোমাদেরকে তোমাদের শত্রুর কবল থেকে উদ্ধার করেছি, তুর পাহাড়ের দক্ষিণ পার্শ্বে তোমাদেরকে প্রতিশ্রুতি দান করেছি এবং তোমাদের কাছে ‘মান্না’ ও ‘সালওয়া’ নামিল করেছি।

80. O Children of Israel, indeed, We delivered you from your enemy, and We made a covenant with you on the right side of the mount, and We sent down to you the manna and the quails.

يَبْنَئِ إِسْرَائِيلَ قَدْ أَنْجَيْنَاكَ مِّنْ
عَدُوِّكَمْ وَوَعَدْنَاكُمْ جَانِبَ
الطُّورِ الْأَيْمَنِ وَنَزَّلْنَا عَلَيْكُمْ
الْمَنَّ وَالسَّلْوَ

81. বলেছিঃ আমার দেয়া পবিত্র বস্তুসমূহ খাও এবং এতে সীমালংঘন করো না, তা হলে তোমাদের উপর আমার ক্রোধ নেমে আসবে এবং যার উপর আমার ক্রোধ নেমে আসে সে ধবংস হয়ে যায়।

81. (Saying): “Eat from the good things with which We have provided you, and do not transgress therein, lest My anger should descend upon you. And he upon whom My anger descends has then indeed fallen.”

كُلُوا مِّنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ وَلَا
تَطْغَوْا فِيهِ فَيَحِلَّ عَلَيْكُمْ غَضَبِي
وَمَنْ يَّحِلَّ عَلَيْهِ غَضَبِي فَقَدْ
هُوَ

82. আর যে তওবা করে, ঈমান আনে এবং সৎকর্ম করে অতঃপর সৎপথে অটল থাকে, আমি তার

82. “And indeed, I am Most Forgiving towards him who repents and believes

وَإِنِّي لَغَفَّارٌ لِّمَنْ تَابَ وَآمَنَ
وَعَمِلَ صَالِحًا ثُمَّ اهْتَدَى

প্রতি অবশ্যই ক্ষমাশীল।

and does righteous deeds, then keeps to the right way.”

83. হে মূসা, তোমার সম্প্রদায়কে পেছনে ফেলে তুমি হ্রা করলে কেন?

83. (It was said): “And what has made you hasten from your people, O Moses.”

وَمَا أَعْجَلَكَ عَنْ قَوْمِكَ
يُمُوسَى ﴿٨٣﴾

84. তিনি বললেন: এই তো তারা আমার পেছনে আসছে এবং হে আমার পালনকর্তা, আমি তাড়াতাড়ি তোমার কাছে এলাম, যাতে তুমি সন্তুষ্ট হও।

84. He said: “They are those (close) upon my footsteps. And I hastened to You, my Lord, that You might be pleased.”

قَالَ هُمْ أَوْلَاءِ عَلَىٰ أَثَرِي وَ
عَجَلْتُ إِلَيْكَ رَبِّ لِتَرْضَىٰ ﴿٨٤﴾

85. বললেন: আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষা করেছি তোমার পর এবং সামেরী তাদেরকে পথভ্রষ্ট করেছে।

85. He said: “Then indeed, We have tried your people in your absence, and AsSamiri has misled them.”

قَالَ فَإِنَّا قَدْ فَتَنَّا قَوْمَكَ مِنْ
بُعْدِكَ وَأَضَلَّهُمُ السَّامِرِيُّ ﴿٨٥﴾

86. অতঃপর মূসা তাঁর সম্প্রদায়ের কাছে ফিরে গেলেন ক্রুদ্ধ ও অনুতপ্ত অবস্থায়। তিনি বললেন: হে আমার সম্প্রদায়, তোমাদের পালনকর্তা কি তোমাদেরকে একটি উত্তম প্রতিশ্রুতি দেননি? তবে কি প্রতিশ্রুতির সময়কাল তোমাদের কাছে দীর্ঘ হয়েছে, না তোমরা চেয়েছ যে, তোমাদের উপর তোমাদের পালনকর্তার ক্রোধ নেমে আসুক, যে কারণে তোমরা আমার

86. So Moses returned to his people, angry (and) sad. He said: “O my people, did your Lord not promise you a fair promise. Did then the promise seem too long to you (in fulfillment), or did you desire that wrath from your Lord should descend upon you, so you broke your promise to me.”

فَرَجَعَ مُوسَىٰ إِلَىٰ قَوْمِهِ غَضْبَانَ
أَسِفًا قَالَ يَقَوْمِ أَلَمْ يَعِدْكُمْ
رَبُّكُمْ وَعَدًّا حَسَنًا أَفَطَالَ
عَلَيْكُمْ الْعَهْدُ أَمْ أَرَدْتُمْ أَنْ يَجِلَّ
عَلَيْكُمْ غَضَبُ رَبِّكُمْ
فَأَخْلَفْتُم مَّوْعِدِي ﴿٨٦﴾

সাথে কৃত ওয়াদা ভঙ্গ করলে?

87. তারা বলল: আমরা তোমার সাথে কৃত ওয়াদা স্বেচ্ছায় ভঙ্গ করিনি; কিন্তু আমাদের উপর ফেরউনীদেব অলংকারের বোঝা চাপিয়ে দেয়া হয়েছিল। অতঃপর আমরা তা নিষ্ক্ষেপ করে দিয়েছি। এমনি ভাবে সামেরীও নিষ্ক্ষেপ করেছে।

88. অতঃপর সে তাদের জন্য তৈরী করে বের করল একটি গো-বৎস, একটা দেহ, যার মধ্যে গরুর শব্দ ছিল। তারা বলল: এটা তোমাদের উপাস্য এবং মূসার ও উপাস্য, অতঃপর মূসা ভুলে গেছে।

89. তারা কি দেখে না যে, এটা তাদের কোন কথার উত্তর দেয় না এবং তাতে কোন ক্ষতি ও উপকার করার ক্ষমতাও রাখে না?

90. হারুন তাদেরকে পূর্বেই বলেছিলেন: হে আমার কওম, তোমরা তো এই গো-বৎস দ্বারা পরীক্ষায় নিপতিত হয়েছ এবং তোমাদের পালনকর্তা

87. They said: “We did not break the promise to you by our own will, but we were laden with burdens of ornaments of the people, so we threw them (in the fire), and that was what AsSamiri suggested.”

88. Then he brought out (of the fire) for them, a statue of a calf, which had a lowing (sound). So they said: “This is your god and the god of Moses, but he (Moses) has forgotten.”

89. Did they not see that it could not return to them a word (for answer), and it had no power for them to harm, nor to benefit.

90. And Aaron indeed had said to them before: “O my people, you are only being tried by this. And indeed, your Lord is the Beneficent, so

قَالُوا مَا أَخْلَفْنَا مَوْعِدَكَ بِمَلِكِنَا
وَلَكِنَّا حَمَلْنَا أَوْزَارًا مِّنْ زِينَةِ
الْقَوْمِ فَقَذَفْنَاهَا فَكَذَلِكَ أَلْقَى
السَّامِرِيُّ

فَأَخْرَجَ لَهُمْ عِجْلًا جَسَدًا لَّهُ
خَوَاطِرٌ فَقَالُوا هَذَا إِلَهُكُمْ وَإِلَهُ
مُوسَىٰ فَنَسِيَ

أَفَلَا يَرَوْنَ أَلَّا يَرْجِعُ إِلَيْهِمْ قَوْلًا
وَلَا يَمْلِكُ لَهُمْ ضَرًّا وَلَا نَفْعًا

وَلَقَدْ قَالَ لَهُمْ هَارُونُ مِنْ قَبْلُ
يَقَوْمِ إِنَّمَا فُتِنْتُمْ بِهِ وَإِنَّ رَبَّكُمُ
الرَّحْمَنُ فَاتَّبِعُونِي وَأَطِيعُوا

দয়াময়। অতএব, তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল।

follow me and obey my order.”

أَمْرِي ﴿١٠﴾

91. তারা বললঃ মূসা আমাদের কাছে ফিরে আসা পর্যন্ত আমরা সদাসর্বদা এর সাথেই সংযুক্ত হয়ে বসে থাকব।

91. They said: “We shall never cease being devoted to it (the calf) until Moses returns to us.”

قَالُوا لَنْ نَبْرَحَ عَلَيْهِ عَكِفِينَ حَتَّى
يَرْجِعَ إِلَيْنَا مُوسَى ﴿١١﴾

92. মূসা বললেনঃ হে হারুন, তুমি যখন তাদেরকে পথ ভ্রষ্ট হতে দেখলে, তখন তোমাকে কিসে নিবৃত্ত করল?

92. He (Moses) said: “O Aaron, what prevented you when you saw them going astray.”

قَالَ يَهُرُونَ مَا مَنَعَكَ إِذْ رَأَيْتَهُمْ
ضَلُّوا ﴿١٢﴾

93. আমার পদাঙ্ক অনুসরণ করা থেকে? তবে তুমি কি আমার আদেশ অমান্য করেছ?

93. “That you did not follow me. Have you then disobeyed my order.”

أَلَا تَتَّبِعَنِ أَفَعَصَيْتَ أَمْرِي ﴿١٣﴾

94. তিনি বললেনঃ হে আমার জননী-তনয়, আমার স্মরণ ও মাথার চুল ধরে আকর্ষণ করো না; আমি আশঙ্কা করলাম যে, তুমি বলবেঃ তুমি বনী-ইসরাঈলের মধ্যে বিভেদ সৃষ্টি করেছ এবং আমার কথা স্মরণে রাখনি।

94. He (Aaron) said: “O son of my mother, Seize (me) not by my beard nor by my head. Indeed, I feared that you would say, you caused division among the Children of Israel, and you have not respected my word.”

قَالَ يَبْنَؤُمَّ لَا تَأْخُذْ بِلِحْيَتِي وَلَا
بِرَأْسِي إِنَّي خَشِيتُ أَنْ تَقُولَ
فَرَّقْتَ بَيْنَ بَنِي إِسْرَائِيلَ وَلَمْ
تَرْقُبْ قَوْلِي ﴿١٤﴾

95. মূসা বললেন হে সামেরী, এখন তোমার ব্যাপার কি?

95. He (Moses) said: “Then what have you to say, O Samiri.”

قَالَ فَمَا خَطْبُكَ يَا سَامِرِيُّ ﴿١٥﴾

96. সে বললঃ আমি দেখলাম যা অন্যেরা দেখেনি। অতঃপর আমি

96. He said: “I saw that what they did not see. So I took a

قَالَ بَصُرْتُ بِمَا لَمْ يَبْصُرُوا بِهِ

সেই প্রেরিত ব্যক্তির পদচিহ্নের নীচ থেকে এক মূঠি মাটি নিয়ে নিলাম। অতঃপর আমি তা নিষ্ক্ষেপ করলাম। আমাকে আমার মন এই মন্ত্রণাই দিল।

handful (dust) from the footprint of the messenger, then I threw it (in the fire). And thus did my soul suggest to me.”

فَقَبَضْتُ قَبْضَةً مِّنْ أَثَرِ الرَّسُولِ
فَنَبَذْتُهَا وَكَذَلِكَ سَوَّلْتُ لِي
نَفْسِي ﴿١٦﴾

97. মূসা বললেনঃ দূর হ, তোমার জন্য সারা জীবন এ শাস্তিই রইল যে, তুই বলবি; আমাকে স্পর্শ করো না, এবং তোমার জন্য একটি নির্দিষ্ট ওয়াদা আছে, যার ব্যতিক্রম হবে না। তুই তোমার সেই ইলাহের প্রতি লক্ষ্য কর, যাকে তুই ঘিবে থাকতি। আমরা সেটি জালিয়ে দেবই। অতঃপর একে বিক্ষিপ্ত করে সাগরে ছড়িয়ে দেবই।

97. He (Moses) said: “So go away. Then indeed, for you in this life it is to say, touch me not. And indeed, there is for you a promise which will not be broken. And look at your god, that to which you have been devoted. We will certainly burn it, then we will surely scatter its dust in the sea.”

قَالَ فَاذْهَبْ فَإِنَّ لَكَ فِي الْحَيَاةِ
أَنْ تَقُولَ لَا مِسَاسَ ۖ وَإِنَّ لَكَ
مَوْعِدًا لَّنْ يُخْلَفَهُ وَانْظُرْ إِلَىٰ إِلَهِكَ
الَّذِي ظَلْتَ عَلَيْهِ عَاكِفًا
لَّنُحَرِّقَنَّهُ ثُمَّ لَنَنْسِفَنَّهُ فِي الْيَمِّ
نَسْفًا ﴿١٧﴾

98. তোমাদের ইলাহ তো কেবল আল্লাহই, যিনি ব্যতীত অন্য কোন ইলাহ নেই। সব বিষয় তাঁর জ্ঞানের পরিধিভুক্ত।

98. Your god is only Allah, Whom, there is no deity except Him. He has encompassed all things in knowledge.

إِنَّمَا إِلَهُكُمُ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا
هُوَ وَسِعَ كُلَّ شَيْءٍ عِلْمًا ﴿١٨﴾

99. এমনিভাবে আমি পূর্বে যা ঘটেছে, তার সংবাদ আপনার কাছে বর্ণনা করি। আমি আমার কাছ থেকে আপনাকে দান করেছি পড়ার গ্রন্থ।

99. Thus do We relate to you (Muhammad) from the news of what has preceded of old. And indeed, We have given you from Us a reminder.

كَذَلِكَ نَقُصُّ عَلَيْكَ مِنْ أَنْبَاءِ مَا
قَدْ سَبَقَ وَقَدْ آتَيْنَاكَ مِنْ لَدُنَّا
ذِكْرًا ﴿١٩﴾

100. যে এ থেকে মুখ

100. Whoever turns

مَنْ أَعْرَضَ عَنْهُ فَإِنَّهُ يَحْمِلُ يَوْمَ

ফিরিয়ে নেবে, সে
কেয়ামতের দিন বোঝা
বহন করবে।

away from it, then
indeed he will bear on
the Day of Resurrection
a burden.

الْقِيَمَةِ وَزُرَّاءَ
ط

101. তারা তাতে চিরকাল
থাকবে এবং কেয়ামতের
দিন এই বোঝা তাদের
জন্যে মন্দ হবে।

101. Abiding in it.
And evil will be the
load for them on the
Day of Resurrection.

خَلِيدِينَ فِيهِ وَسَاءَ لَهُمْ يَوْمَ
الْقِيَمَةِ حِمْلًا
ط

102. যেদিন সিঙ্গায়
ফুৎকার দেয়া হবে, সেদিন
আমি অপরাধীদেরকে
সমবেত করব নীল চক্ষু
অবস্থায়।

102. The day when the
Trumpet will be blown.
And We shall gather
criminals that day,
their eyes turned blue
with terror.

يَوْمَ يُنْفَخُ فِي الصُّورِ وَنَحْشُرُ
الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ زُرْقًا
ط

103. তারা ছুপিসারে
পরস্পরে বলাবলি করবে:
তোমরা মাত্র দশ দিন
অবস্থান করেছিলে।

103. They shall whisper
among themselves:
“You stayed not except
ten (day sin the world).”

يَتَخَفَتُونَ بَيْنَهُمْ إِنْ لَبِثْتُمْ إِلَّا
عَشْرًا
ط

104. তারা কি বলে তা
আমি ভালোভাবে জানি।
তাদের মধ্যে যে,
অপেক্ষাকৃত উত্তম পথের
অনুসারী সে বলবে:
তোমরা মাত্র একদিন
অবস্থান করেছিলে।

104. We know well
what they will say,
when the best among
them in conduct will
say: “You stayed not
except a day.”

نَحْنُ أَعْلَمُ بِمَا يَقُولُونَ إِذْ يَقُولُ
أَمْثَلُهُمْ طَرِيقَةً إِنْ لَبِثْتُمْ إِلَّا
يَوْمًا
ط

105. তারা আপনাকে
পাহাড় সম্পর্কে প্রশ্ন করা।
অতএব, আপনি বলুন:
আমার পালনকর্তা
পাহাড়সমূহকে সমূলে
উৎপাটন করে বিক্ষিপ্ত করে
দিবেন।

105. And they ask you
about the mountains.
Say: “My Lord will
blow them away with a
blast.”

وَيَسْأَلُونَكَ عَنِ الْجِبَالِ فَقُلْ
يَنْسِفُهَا رَبِّي نَسْفًا
ط

106. অতঃপর পৃথিবীকে
মসৃণ সমতলভূমি করে

106. “Then He shall
leave them as plains,

فَيَذَرُهَا قَاعًا صَفْصَفًا
ط

ছাড়বেন।

smooth.”

107. তুমি তাতে মোড় ও টিলা দেখবে না।

107. “Wherein you will see neither curve nor ruggedness.”

لَا تَرَى فِيهَا عِوَجًا وَلَا أَمْتًا ﴿١٧﴾

108. সেই দিন তারা আহ্বানকারীর অনুসরণ করবে, যার কথা এদিক-সেদিক হবে না এবং দয়াময় আল্লাহর ভয়ে সব শব্দ ক্ষীণ হয়ে যাবে। সুতরাং মৃদু গুঞ্জন ব্যতীত তুমি কিছুই শুনবে না।

108. That Day, they shall follow the summoner, no crookedness (can they show) to him. And the voices shall humble before the Beneficent, so you will hear nothing but a faint murmur.

يَوْمَئِذٍ يَتَّبِعُونَ الدَّاعِيَ لَا عِوَجَ لَهُ
وَخَشَعَتِ الْأَصْوَاتُ لِلرَّحْمَنِ
فَلَا تَسْمَعُ إِلَّا هَمْسًا ﴿١٨﴾

109. দয়াময় আল্লাহ যাকে অনুমতি দেবেন এবং যার কথায় সন্তুষ্ট হবেন সে ছাড়া কারও সুপারিশ সেদিন কোন উপকারে আসবে না।

109. That Day, no intercession shall benefit, except the one for whom the Beneficent has given permission, and whose word is acceptable to Him.

يَوْمَئِذٍ لَا تَنْفَعُ الشَّفَاعَةُ إِلَّا مَنْ
أُذِنَ لَهُ الرَّحْمَنُ وَرَضِيَ لَهُ
قَوْلًا ﴿١٩﴾

110. তিনি জানেন যা কিছু তাদের সামনে ও পশ্চাতে আছে এবং তারা তাকে জ্ঞান দ্বারা আয়ত্ত করতে পারে না।

110. He (Allah) knows what is before them and what is behind them, and they cannot encompass it with (their) knowledge.

يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا
خَلْفَهُمْ وَلَا يُحِيطُونَ بِهِ عِلْمًا ﴿٢٠﴾

111. সেই চিরঞ্জীব চিরস্থায়ীর সামনে সব মুখমন্ডল অবনমিত হবে এবং সে ব্যর্থ হবে যে জুলুমের বোঝা বহন করবে।

111. And faces shall be humbled before the Ever Living, the Eternal. And indeed, he will be a failure who carries (a burden of) wrongdoings.

وَعَنَتِ الْوُجُوهُ لِلْحَيِّ الْقَيُّومِ وَقَدْ
خَابَ مَنْ حَمَلَ ظُلْمًا ﴿٢١﴾

112. যে ঈমানদার অবস্থায় সংকর্ম সম্পাদন করে, সে জুলুম ও ক্ষতির আশঙ্কা করবে না।

112. And he who does any righteous deeds, and he is a believer then he will have no fear of injustice, nor curtailment (of his reward).

وَمَنْ يَّعْمَلْ مِنَ الصَّالِحَاتِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا يَخَفُ ظُلْمًا وَلَا هَضْمًا ﴿١١٢﴾

113. এমনিভাবে আমি আরবী ভাষায় কোরআন নামিল করেছি এবং এতে নানাভাবে সতর্কবাণী ব্যক্ত করেছি, যাতে তারা আল্লাহভীরু হয় অথবা তাদের অন্তরে চিন্তার খোরাক যোগায়।

113. And thus have We sent it down as a Quran in Arabic, and We have explained in details therein of the warnings, that perhaps they may fear (Allah), or that it may cause them to remember.

وَكَذَلِكَ أَنْزَلْنَاهُ قُرْآنًا عَرَبِيًّا وَصَرَّفْنَا فِيهِ مِنَ الْوَعِيدِ لَعَلَّهُمْ يَتَّقُونَ أَوْ يُحْدِثُ لَهُمْ ذِكْرًا ﴿١١٣﴾

114. সত্যিকার অধীশ্বর আল্লাহ মহান। আপনার প্রতি আল্লাহর ওহী সম্পূর্ণ হওয়ার পূর্বে আপনি কোরআন গ্রহণের ব্যপারে তাড়াহুড়া করবেন না এবং বলুন: হে আমার পালনকর্তা, আমার জ্ঞান বৃদ্ধি করুন।

114. So exalted be Allah, the Sovereign, the Truth. And do not hasten (O Muhammad) with the Quran before that its revelation has been completed to you, and say: "My Lord, increase me in knowledge."

فَتَعَلَى اللَّهِ الْمَلِكُ الْحَقُّ وَلَا تَعْجَلْ بِالْقُرْآنِ مِنْ قَبْلِ أَنْ يُقْضَى إِلَيْكَ وَحْيُهُ وَقُلْ رَبِّ زِدْنِي عِلْمًا ﴿١١٤﴾

115. আমি ইতিপূর্বে আদমকে নির্দেশ দিয়েছিলাম। অতঃপর সে ভুলে গিয়েছিল এবং আমি তার মধ্যে দৃঢ়তা পাইনি।

115. And indeed, We made a covenant with Adam before, but he forgot, and We did not find in him determination.

وَلَقَدْ عَاهَدْنَا إِلَى آدَمَ مِنْ قَبْلِ فَنَسِيَ وَلَمْ نَجِدْ لَهُ عَزْمًا ﴿١١٥﴾

116. যখন আমি ফেরেশতাদেরকে বললাম: তোমরা আদমকে সেজদা

116. And when We said to the angels: "Fall prostrate before

وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ

কর, তখন ইবলীস ব্যতীত সবাই সেজদা করল। সে অমান্য করল।

Adam.” So they fell prostrate (all) except Iblis. He refused.

فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ أَبِي ﴿١١٦﴾

117. অতঃপর আমি বললাম: হে আদম, এ তোমার ও তোমার স্ত্রীর শত্রু, সুতরাং সে যেন বের করে না দেয় তোমাদের জান্নাত থেকে। তাহলে তোমরা কষ্টে পতিত হবে।

117. So We said: “O Adam, indeed, this is an enemy to you and to your wife. So let him not drive you out from the Paradise, so you would suffer.”

فَقُلْنَا يَا آدَمُ إِنَّ هَذَا عَدُوٌّ لَكَ
وَلِزَوْجِكَ فَلَا يُخْرِجَنَّكُمَا مِنَ
الْجَنَّةِ فَتَشْقَى ﴿١١٧﴾

118. তোমাকে এই দেয়া হল যে, তুমি এতে ক্ষুধার্ত হবে না এবং বস্ত্রহীন হবে না।

118. “Indeed, there is (enough provision) for you, that you will not be hungry therein, nor you will be unclothed.”

إِنَّ لَكَ أَلَّا تَجُوعَ فِيهَا وَلَا
تَعْرَى ﴿١١٨﴾

119. এবং তোমার পিপাসাও হবে না এবং রৌদ্রেও কষ্ট পাবে না।

119. “And indeed, you will not suffer from thirst therein, nor from the sun's heat.”

وَأَنَّكَ لَا تَظْمَأُ فِيهَا وَلَا
تَصْحَى ﴿١١٩﴾

120. অতঃপর শয়তান তাকে কুমন্ত্রনা দিল, বলল: হে আদম, আমি কি তোমাকে বলে দিব অনন্তকাল জীবিত থাকার বৃক্ষের কথা এবং অবিনশ্বর রাজত্বের কথা?

120. Then Satan whispered to him, he said: “O Adam, shall I lead you to the tree of eternal life and a kingdom that will not waste away.”

فَوَسْوَسَ إِلَيْهِ الشَّيْطَانُ قَالَ يَا آدَمُ
هَلْ أَدُلُّكَ عَلَى شَجَرَةِ الْخُلْدِ
وَمُلْكٍ لَا يَبْئَلُ ﴿١٢٠﴾

121. অতঃপর তারা উভয়েই এর ফল ভক্ষণ করল, তখন তাদের সামনে তাদের লজ্জাস্থান খুলে গেল এবং তারা জান্নাতের বৃক্ষ-পত্র দ্বারা নিজেদেরকে আবৃত করতে শুরু করল।

121. Then they both ate of that (tree), so their shameful parts became apparent to them, and they began to cover themselves with the leaves of the Paradise.

فَأَكَلَا مِنْهَا فَبَدَتْ لَهُمَا
سَوْآتُهُمَا وَطَفِقَا يَخْصِفْنَ
عَلَيْهِمَا مِنْ وَّرَقِ الْجَنَّةِ وَعَطَىٰ

আদম তার পালনকর্তার
অবাধ্যতা করল, ফলে সে
পথ ভ্রষ্ট হয়ে গেল।

And Adam disobeyed
his Lord, so he went
astray.

آدَمُ رَبَّهُ فَغَوَىٰ ﴿١٢١﴾

122. এরপর তার
পালনকর্তা তাকে মনোনীত
করলেন, তার প্রতি
মনোযোগী হলেন এবং তাকে
সুপথে আনয়ন করলেন।

122. Then his Lord
chose him, and turned
to him in forgiveness
and guided (him).

ثُمَّ اجْتَبَاهُ رَبُّهُ فَتَابَ عَلَيْهِ
وَهَدَاهُ ﴿١٢٢﴾

123. তিনি বললেন:
তোমরা উভয়েই এখান
থেকে এক সঙ্গে নেমে যাও।
তোমরা একে অপরের শত্রু।
এরপর যদি আমার পক্ষ
থেকে তোমাদের কাছে
হেদায়েত আসে, তখন যে
আমার বর্ণিত পথ অনুসরণ
করবে, সে পথভ্রষ্ট হবে না
এবং কষ্টে পতিত হবে না।

123. He said: “Go down,
both of you, from it
(Paradise), all together,
some of you will be an
enemy to others. Then
if there comes to you
from Me a guidance,
then whoever follows
My guidance, he will
then not go astray, nor
fall into misery.”

قَالَ اهْبِطَا مِنْهَا جَمِيعًا بَعْضُكُمْ
لِبَعْضٍ عَدُوٌّ فَأَمَّا يَأْتِيَنَّكُمْ مِنِّي
هُدًى فَمَن تَبِعَ هُدَايَ فَلَا
يَضِلُّ وَلَا يَشْقَىٰ ﴿١٢٣﴾

124. এবং যে আমার স্মরণ
থেকে মুখ ফিরিয়ে নেবে,
তার জীবিকা সংকীর্ণ হবে
এবং আমি তাকে
কেয়ামতের দিন অন্ধ
অবস্থায় উত্থিত করব।

124. And whoever
turns away from My
remembrance, indeed
then for him is a life of
hardship, and We shall
gather him on the Day
of Resurrection blind.”

وَمَن أَعْرَضَ عَن ذِكْرِي فَإِنَّ لَهُ
مَعِيشَةً ضَنْكًا وَنَحْشُرُهُ يَوْمَ
الْقِيَامَةِ أَعْمَىٰ ﴿١٢٤﴾

125. সে বলবে: হে আমার
পালনকর্তা আমাকে কেন
অন্ধ অবস্থায় উত্থিত
করলেন? আমি তো
চক্ষুমান ছিলাম।

125. He will say:
“My Lord, why have
you raised me blind,
and indeed I was
seeing (in the world).”

قَالَ رَبِّ لِمَ حَشَرْتَنِي أَعْمَىٰ وَقَدْ
كُنْتُ بَصِيرًا ﴿١٢٥﴾

126. আল্লাহ বলবেন:
এমনিভাবে তোমার কাছে
আমার আয়াতসমূহ

126. He (Allah) will
say: “Thus did Our
revelations come to

قَالَ كَذَلِكَ أَتَتْكَ آيَاتُنَا

এসেছিল, অতঃপর তুমি সেগুলো ভুলে গিয়েছিলে। তেমনিভাবে আজ তোমাকে ভুলে যাব।

you, but you did forget them. And thus, this Day you will be forgotten.”

فَنَسِيَّتَهَا وَكَذَلِكَ الْيَوْمَ تُنْسَى ﴿١٣٦﴾

127. এমনিভাবে আমি তাকে প্রতিফল দেব, যে সীমালঙ্ঘন করে এবং পালনকর্তার কথায় বিশ্বাস স্থাপন না করে। তার পরকালের শাস্তি কঠোরতর এবং অনেক স্থায়ী।

127. And thus do We recompense him who transgresses and does not believe in the sings of his Lord. And the punishment of the Hereafter is far more severe and more enduring.

وَكَذَلِكَ نَجْزِي مَنْ أَسْرَفَ وَلَمْ يُؤْمِنُ بِآيَاتِ رَبِّهِ وَلَعَذَابُ الْآخِرَةِ أَشَدُّ وَأَبْقَى ﴿١٣٧﴾

128. আমি এদের পূর্বে অনেক সম্প্রদায়কে ধ্বংস করেছি। যাদের বাসভূমিতে এরা বিচরণ করে, এটা কি এদেরকে সংপথ প্রদর্শন করল না? নিশ্চয় এতে বুদ্ধিমানদের জন্যে নিদর্শনাবলী রয়েছে।

128. Is it not then a guidance for them (to know) how many of the generations, before them, We have destroyed, in whose dwellings they walk. Surely, in that are indeed signs for those of understanding.

أَفَلَمْ يَهْدِ لَهُمْ كَمْ أَهْلَكْنَا قَبْلَهُمْ مِنَ الْقُرُونِ يَمْشُونَ فِي مَسْكِنِهِمْ إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِأُولِي النُّهَى ﴿١٣٨﴾

129. আপনার পালনকর্তার পক্ষ থেকে পূর্ব সিদ্ধান্ত এবং একটি কাল নির্দিষ্ট না থাকলে শাস্তি অবশ্যম্ভাবী হয়ে যেত।

129. And if it was not for a word that went forth before from your Lord, the judgment would have come to pass, and (if not) a term already fixed.

وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَبِّكَ لَكَانَ لِزَامًا وَأَجَلٌ مُسَمًّى ﴿١٣٩﴾

130. সুতরাং এরা যা বলে সে বিষয়ে ধৈর্য ধারণ করুন এবং আপনার পালনকর্তার প্রশংসা পবিত্রতা ও মহিমা ঘোষণা

130. So bear patiently (O Muhammad), over what they say, and glorify the praise of your Lord before the

فَاصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ

করুন সূর্যোদয়ের পূর্বে, সূর্যাস্তের পূর্বে এবং পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন রাত্রির কিছু অংশ ও দিবাভাগে, সম্ভবতঃ তাতে আপনি সন্তুষ্ট হবেন।

rising of the sun and before its setting. And some hours of the night glorify Him, and at the two ends of the day, that you may find acceptance.

الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا وَمِنْ
أَنَاءِ اللَّيْلِ فَسَبِّحْ وَأَطْرَافَ
النَّهَارِ لَعَلَّكَ تَرْضَى ﴿١٣٠﴾

131. আমি এদের বিভিন্ন প্রকার লোককে পরীক্ষা করার জন্যে পার্থিবজীবনের সৌন্দর্য স্বরূপ ভোগ-বিলাসের যে উপকরণ দিয়েছি, আপনি সেই সব বস্তুর প্রতি দৃষ্টি নিষ্ক্ষেপ করবেন না। আপনার পালনকর্তার দেয়া রিমিক উৎকৃষ্ট ও অধিক স্থায়ী।

131. And do not strain your eyes towards that by which We have given enjoyment to various groups of them, the splendor of the life of this world, that We may test them thereby. And the provision of your Lord is better and more enduring.

وَلَا تَمُدَّنَّ عَيْنَيْكَ إِلَىٰ مَا مَتَّعْنَا بِهِ
أَزْوَاجًا مِّنْهُمْ زَهْرَةَ الْحَيَاةِ
الدُّنْيَا لِنَفْتِنَهُمْ فِيهِ وَرِزْقُ
رَبِّكَ خَيْرٌ وَأَبْقَىٰ ﴿١٣١﴾

132. আপনি আপনার পরিবারের লোকদেরকে নামাযের আদেশ দিন এবং নিজেও এর ওপর অবিচল থাকুন। আমি আপনার কাছে কোন রিমিক চাই না। আমি আপনাকে রিমিক দেই এবং আল্লাহ ভীরুতার পরিণাম শুভ।

132. And enjoin upon your household prayers and be steadfast therein. We do not ask of you a provision. We provide for you. And the (best) outcome is for righteousness.

وَأْمُرْ أَهْلَكَ بِالصَّلَاةِ وَاصْطَبِرْ
عَلَيْهَا لَا نَسْأَلُكَ رِزْقًا نَّحْنُ
نَرْزُقُكَ وَالْعَاقِبَةُ لِلتَّقْوَىٰ ﴿١٣٢﴾

133. এরা বলে: সে আমাদের কাছে তার পালনকর্তার কাছ থেকে কোন নিদর্শন আনয়ন করে না কেন? তাদের কাছে কি প্রমাণ আসেনি, যা পূর্ববর্তী গ্রন্থসমূহে আছে?

133. And they say: “Why does he not bring to us a sign from his Lord.” Has there not come to them the proof of what is in the former scriptures.”

وَقَالُوا لَوْلَا يَأْتِينَا بِآيَةٍ مِّن رَّبِّهِ
أَوَلَمْ تَأْتِهِم بَيِّنَةٌ مَّا فِي الصُّحُفِ
الْأُولَىٰ ﴿١٣٣﴾

134. যদি আমি এদেরকে ইতিপূর্বে কোন শাস্তি দ্বারা ধ্বংস করতাম, তবে এরা বলতঃ হে আমাদের পালনকর্তা, আপনি আমাদের কাছে একজন রসূল প্রেরণ করলেন না কেন? তাহলে তো আমরা অপমানিত ও হেয় হওয়ার পূর্বেই আপনার নিদর্শন সমূহ মেনে চলতাম।

134. And if indeed, We had destroyed them with a punishment before this, they would assuredly have said: "Our Lord, why did You not send to us a messenger, so we could have certainly followed Your revelations, before that we were humiliated and we were disgraced."

وَلَوْ أَنَّا أَهْلَكْنَاهُمْ بِعَذَابٍ مِّن قَبْلِهِ لَقَالُوا رَبَّنَا لَوْلَا أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا فَنَتَّبِعَ آيَاتِكَ مِن قَبْلِ أَنْ نَّذِلَّ وَنَخْزَىٰ

﴿١٣٤﴾

135. বলুন, প্রত্যেকেই পথপানে চেয়ে আছে, সুতরাং তোমরাও পথপানে চেয়ে থাক। অদূর ভবিষ্যতে তোমরা জানতে পারবে কে সরল পথের পথিক এবং কে সৎপথ প্রাপ্ত হয়েছে।

135. Say: "Each one is waiting, so wait you. Then soon you shall know who are the people on the straight path, and who are guided."

قُلْ كُلٌّ مُّتَرَبِّصٌ فَتَرَبَّصُوا فَسَتَعْلَمُونَ مَنْ أَصْحَابُ الصِّرَاطِ السَّوِيِّ وَمَنِ اهْتَدَىٰ

﴿١٣٥﴾

